



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৪৯৪/ক/অনু:/২০১৮/ ৭৮২

তারিখ: ০৪/০৯/২০২৫ ইং

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের ০৩/০৮/২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন “লোহাজুড়ী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ” এ একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০২১ তারিখ থেকে ৩০/০৬/২০২৭ তারিখ পর্যন্ত সময় সাপেক্ষে ০৬(ছয়) বছরের জন্য বৃদ্ধি করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

আবশ্যিক :

বিষয়সমূহ :

১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :

১। পৌরনীতি ও সুশাসন
২। ভূগোল
৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৪। যুক্তিবিদ্যা

ব্যবসায় শিক্ষা :

১। হিসাববিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

বিজ্ঞান :

১। পদার্থ বিজ্ঞান
২। রসায়ন
৩। জীব বিজ্ঞান
৪। উচ্চতর গনিত

শর্তসমূহ :

- ১। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ২। নিয়োগকৃত শিক্ষাক/জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;
- ৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৪। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ৫। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে;
- ৬। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০২৪ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

- ০৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;
- ০৮। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
- ০৯। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩(তিন) মাসে গভর্নিং বডি'র নূন্যতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা-২০২৪ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে;
- ১০। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
 - (গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে;
- ১১। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে;

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:-

প্রফেসর মোঃ রিজাউল হক
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬
ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

লোহাজুড়ী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ (EIN: 110394)
কটিয়াদী, কিশোরগঞ্জ।

মেমো নং- ৭৮২ (৭)

তারিখ: ০৪/০৯/২০২৫ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, লোহাজুড়ী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৭। অফিস কপি


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

হাসান